

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্প
খামারবাড়ি, ঢাকা -১২১৫।

স্মারক নং- ২১৮৭

তারিখ: ১০/০৬/২০২২

বিষয় : বারি মাল্টা -১ এর সঠিক হারভেস্টিং টাইম সম্পর্কে কৃষক সচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমানে বাজারে বারি মাল্টা-১ প্রচুর পরিমাণে বিক্রি হচ্ছে। আর্লি হারভেস্টিং এর কারণে বারি মাল্টা-১ অপরিপক্ব হওয়ায় ফল পর্যাপ্ত রসালো হচ্ছে না এবং সেই সাথে কিছুটা পানসে টক স্বাদযুক্ত হচ্ছে, যার কারণে বারি মাল্টা-১ এর প্রতি ক্রেতাদের মাঝে একটি বিরূপ মনোভাব তৈরি হচ্ছে, যা মোটেই কাম্য নয়। এমতাবস্থায় উপজেলা কৃষি কর্মকর্তা ও মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে কৃষকের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বারি মাল্টা-১ এর সঠিক হারভেস্টিং টাইম ও এর সঠিক পরিপক্বতা নিদর্শন বর্ণনা করে বিভিন্ন কর্মসূচি, মাঠ দিবস, উঠান বৈঠক, মাঠ পরিদর্শন কালে বক্তব্য প্রদান করতে হবে। বারি মাল্টা-১ এর সঠিক পরিপক্বতা কাল সেপ্টেম্বরের মাঝামাঝি হতে অক্টোবরের শেষ অবধি। বারি মাল্টা-১ সঠিকভাবে পরিপক্ব হলে নিম্নলিখিত নিদর্শন সমূহ পরিলক্ষিত হয়:

- ১। ফল আকারে বড় হবে।
- ২। ফলের বোটার দিকের কোচকানো ভাবটা কমে গিয়ে প্রায় মসৃন হয়ে যাবে।
- ৩। ফলের নিচেরদিকের পয়সা আকৃতির চিহ্নটি স্পষ্ট হতে কিছুটা অস্পষ্ট হয়ে যাবে।
- ৪। ফলের রং গাঢ় সবুজ হতে হালকা সবুজ রং ধারণ করবে।

উপরিলিখিত পরিপক্বতা নিদর্শন সমূহ ও সময় বিবেচনা করে কৃষকদের সঠিক সময়ে বারি মাল্টা-১ হারভেস্ট করার পরামর্শ প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

.....

.....

উপজেলা কৃষি কর্মকর্তা

(ড. ফারুক আহমদ)
প্রকল্প পরিচালক

স্মারক নং-

তারিখ:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। পরিচালক, হটিকালচার উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৪। অতিরিক্ত পরিচালক,..... অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৫। উপ-পরিচালক, জেলা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৬। পিএস টু ডিজি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।।
- ৭। অফিস নথি।